

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.১৭.৭৫৬

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়: প্রতিবৎসর ১৮ ডিসেম্বর তারিখ 'আন্তর্জাতিক অভিবাসী দিবস' এবং 'জাতীয় প্রবাসী দিবস' একত্রে উদ্‌যাপন/পালন সংক্রান্ত।

অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ প্রতিবৎসর ১৮ ডিসেম্বর তারিখে 'আন্তর্জাতিক অভিবাসী দিবস' এবং 'জাতীয় প্রবাসী দিবস' একত্রে উদ্‌যাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত দিবস 'খ' শ্রেণিভুক্ত দিবস হিসেবে উদ্‌যাপন/পালন করা হবে।

০২। সরকারি ব্যয় সাশ্রয়ের ধারাবাহিকতা রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগসমূহের স্ব স্ব অধিক্ষেত্রে সমধর্মী জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট আন্তর্জাতিক দিবস উদ্‌যাপনকে প্রাধান্য প্রদান করে এরূপ দিবসসমূহ একই তারিখে একত্রে পালন করা আবশ্যিক। মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রযোজ্য ক্ষেত্রে এতদ্বিষয়ক সারসংক্ষেপ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

০৩। উক্ত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৮-১১-২০২৪

মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব

৫৫১০০৯৭১ (ফোন)


৯৫১২২১৩ (ফ্যাক্স)

general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৫। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।



A handwritten signature in black ink, appearing to be 'সাজ্জাদুল হাসান'.

২৮-১১-২০২৪

মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব